

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
প্রভাতী প্রকল্প-ডিডিএম অংশ
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

প্রভাতী প্রকল্প-ডিডিএম অংশের ত্রৈমাসিক অগ্রগতি পর্যালোচনা সভা (অক্টোবর-ডিসেম্বর, ২০২৫), কুড়িগ্রাম জেলা -এর কার্যবিবরণী

সভাপতি : জনাব নিতাই চন্দ্র দে সরকার, প্রকল্প সমন্বয়ক ও পরিচালক (এমআইএম), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
প্রধান অতিথি : বি. এম কুদরত-এ-খুদা, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কুড়িগ্রাম
তারিখ : ১৯-০১-২০২৬ খ্রি.
সময় : বেলা ০১:৩০ - বিকাল ৫:৩০ টা
স্থান : সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।

উপস্থিতি: তালিকা সংযুক্ত।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। পরিচিতি পর্ব শেষে তিনি প্রকল্পের কার্যক্রমসমূহের সংক্ষিপ্ত বর্ণনা, অগ্রগতি, অর্জিত মাইলফলক ও ভবিষ্যত পরিকল্পনা সংক্ষেপে তুলে ধরেন এবং প্রকল্পের সার্বিক ও ত্রৈমাসিক অগ্রগতি বিষয়ে উপস্থাপনার জন্য প্রোগ্রাম ম্যানেজারকে আহ্বান জানান।

সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে প্রাপ্ত মতামতের ভিত্তিতে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:


ক্র.সং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১।	প্রকল্পের সার্বিক অগ্রগতি	এ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিভূত অগ্রগতি, বিগত ত্রৈমাসিকে প্রকল্পের অগ্রগতি ও কুড়িগ্রাম জেলার অগ্রগতি উপস্থাপন করা হয়।	প্রকল্পের কার্যক্রম যথাযথভাবে এগিয়ে নিতে ত্রৈমাসিক পরিকল্পনা অনুযায়ী যথাসময়ে পদক্ষেপ গ্রহণ ও সম্পন্ন করতে হবে।	টিম লিডার ও প্রোগ্রাম ম্যানেজার
০২।	বন্যার আগাম সতর্কবার্তা প্রচার	দুর্যোগের আগাম সতর্কবার্তা গ্রহণ এবং সে অনুযায়ী আগাম প্রস্তুতিমূলক ব্যবস্থা গ্রহণে জনগণকে অভ্যস্ত করে তুলতে নিয়মিত ও পরীক্ষামূলকভাবে সতর্কবার্তা প্রচারের প্রয়োজনীয়তার কথা সভায় উল্লেখ করা হয়। পাশাপাশি অপ্রয়োজনীয় আগাম পদক্ষেপ গ্রহণ রোধে কেবলমাত্র নির্ভরযোগ্য ও সঠিক তথ্যের ভিত্তিতে দুর্যোগের আগাম সতর্কবার্তা প্রচারের ওপর গুরুত্বারোপ করা হয়। সভায় অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) অবহিত করেন যে, জেলা পর্যায়ে ইতোমধ্যে সরকারি কর্মকর্তাদের একটি WhatsApp গ্রুপ বিদ্যমান রয়েছে, যা নিয়মিতভাবে প্রশাসনিক যোগাযোগ ও তথ্য আদান-প্রদানে ব্যবহৃত হচ্ছে। স্থানীয় পর্যায়ে বন্যার আগাম সতর্কবার্তা প্রচার কার্যক্রমকে আরও কার্যকর ও	ক) বন্যা মৌসুমের শুরু থেকে নিয়মিত আবহাওয়া, বৃষ্টি বা বন্যার সম্ভাবনা বিষয়ে আবহাওয়া অধিদপ্তর ও বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্রের হালনাগাদ তথ্য প্রচারের পদক্ষেপ গ্রহণ করতে হবে। খ) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তাদের সহায়তায় জেলা পর্যায়ের সরকারি কর্মকর্তাদের WhatsApp গ্রুপে বন্যার আগাম সতর্কবার্তা প্রচারের পদক্ষেপ গ্রহণ করতে হবে।	প্রোগ্রাম ম্যানেজার, রিজিওনাল কোর্ডিনেটর ও ফিল্ড ফ্যাসিলিটের

১

ক্র.নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
		<p>সময়োপযোগী করতে উক্ত বিদ্যমান WhatsApp গ্রুপের তথ্য সংগ্রহ করে সেটিকে একটি নির্ভরযোগ্য মাধ্যম হিসেবে ব্যবহার করে দুর্যোগের আগাম সতর্কবার্তা প্রচারের প্রস্তুত সভায় উপস্থাপন করা হয়। এর মাধ্যমে জেলা থেকে উপজেলা ও ইউনিয়ন পর্যায় পর্যন্ত দ্রুত ও সমন্বিতভাবে আগাম সতর্কবার্তা পৌঁছে দেওয়া সম্ভব হবে বলে সভায় মত প্রকাশ করা হয়।</p> <p>পাশাপাশি বেসরকারি প্রতিষ্ঠান RDRS কর্তৃক বন্যা ঝুঁকিপূর্ণ ৪৪,০০০ মানুষের জন্য প্রস্তুতকৃত ডাটাবেজকে বন্যার আগাম সতর্কবার্তা প্রচার ব্যবস্থার সঙ্গে যুক্ত করার বিষয়েও আলোচনা করা হয়।</p> <p>এছাড়াও বন্যার আগাম সতর্কবার্তা ও অন্যান্য দুর্যোগ সংক্রান্ত তথ্য দ্রুত ও ব্যাপকভাবে প্রচারের লক্ষ্যে গ্রাম পুলিশদের এবং স্থানীয় গণমাধ্যমকর্মীদের সম্পৃক্ততা বৃদ্ধির ওপর সভায় গুরুত্বারোপ করা হয়। এই তথ্য বন্যার আগাম সতর্কবার্তা প্রচারের আওতায় যুক্ত করার বিষয়ে আলোচনা হয়।</p>	<p>গ) কার্যকারিতা যাচাই সাপেক্ষে বেসরকারি প্রতিষ্ঠান RDRS থেকে প্রকল্প এলাকার অন্তর্গত জেলা/ উপজেলা/ ইউনিয়ন সমূহে বন্যার ঝুঁকিতে থাকা মানুষের তথ্য সংগ্রহ করার বিষয়টি বিবেচনা করতে হবে।</p> <p>ঘ) দুর্যোগের তথ্য প্রচারে গণমাধ্যম কর্মীদের সম্পৃক্ত করতে স্থানীয় (জেলা ও উপজেলা পর্যায়ের) প্রেসক্লাবসমূহের যোগাযোগের তথ্য সংগ্রহ করার বিষয়টি বিবেচনা করতে হবে।</p> <p>ঙ) ভয়েস বার্তার মাধ্যমে বন্যার আগাম সতর্কবার্তা প্রেরণের জন্য গ্রাম পুলিশদের তথ্য সংগ্রহের বিষয়টি বিবেচনা করতে হবে।</p>	
০৩।	কিয়স্ক (KIOSK) অ্যাপ্লিকেশন ও ড্যাশবোর্ড	<p>প্রকল্পের আওতায় স্থাপিত কিয়স্ক ড্যাশবোর্ডগুলোর মধ্যে চর রাজিবপুর উপজেলার ড্যাশবোর্ডটিতে ইন্টারনেট জনিত সমস্যার কথা উল্লেখ করা হয়।</p> <p>বন্যার আগাম সতর্কবার্তা প্রচারের মাধ্যম হিসেবে কিয়স্ক ড্যাশবোর্ডগুলোকে আরও সুপরিচিত, নিয়মিত ব্যবহার্য ও কার্যকর করে তুলতে ড্যাশবোর্ডগুলো সম্পর্কে সচেতনতা বৃদ্ধির বিষয়ে আলোচনা হয়।</p>	<p>ক) সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার (UNO) ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা-এর সাথে সরাসরি যোগাযোগের মাধ্যমে উপজেলা পরিষদের ইন্টারনেট সংযোগ (Wi-Fi) ব্যবহার করে দ্রুত সমস্যা সমাধান করতে হবে।</p> <p>খ) বন্যার আগাম সতর্কবার্তা প্রচারে কিয়স্ক ড্যাশবোর্ডের নিয়মিত ও কার্যকর ব্যবহার নিশ্চিত করতে সংশ্লিষ্ট সকল জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা এবং উপজেলা প্রকল্প বাস্তবায়নকারী কর্মকর্তাদের নিয়ে একটি অনলাইন সভা আয়োজন করতে হবে।</p>	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, প্রোগ্রাম ম্যানেজার ও রিজিওনাল কোঅর্ডিনেটর
০৪।	দুর্যোগের আগাম সতর্কবার্তা সেবার উন্নয়ন	<p>কমিউনিটি পর্যায়ে বন্যার আগাম সতর্কবার্তা দ্রুত পৌঁছে দিতে প্রকল্পের আওতাধীন তিনটি জেলায় মোট ১,৬৪৭ জন নিবন্ধিত স্বেচ্ছাসেবক রয়েছে। এই স্বেচ্ছাসেবকদের তথ্য জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (DRRO) ও উপজেলা প্রকল্প</p>	<p>উপজেলা-ভিত্তিক স্বেচ্ছাসেবকদের তালিকা (সফট কপি ও মুদ্রিত কপি) সংশ্লিষ্ট জেলা ত্রাণ ও পুনর্বাসন দপ্তর ও উপজেলা প্রকল্প বাস্তবায়নকারী</p>	রিজিওনাল কোঅর্ডিনেটর ও দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

ক্র.নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
		বাস্তবায়নকারী কর্মকর্তার (PIO) দপ্তরে সংরক্ষিত থাকলে স্বেচ্ছাসেবকেরা বিভিন্ন দুর্যোগে আরও কার্যকর ও সমন্বিত ভূমিকা রাখতে পারবে বলে সভায় মত প্রকাশ করা হয়।	কর্মকর্তা (PIO) দপ্তরে প্রেরণ করতে হবে।	
০৫।	বিবিধ	সভায় উল্লেখ করা হয়, উজান বা প্রতিবেশী দেশসংলগ্ন সীমান্তবর্তী এলাকায় সন্ধ্যার পর কিংবা রাতে ভারী বর্ষণ হলে সেই তথ্য অনেক সময় তাৎক্ষণিকভাবে স্থানীয় পর্যায়ে পৌঁছায় না। এধরনের পরিস্থিতিতে গভীর রাতে বা খুব ভোরে এলাকায় বন্যার পানি প্রবেশ করলে স্থানীয় প্রশাসনের পক্ষে তাৎক্ষণিক পদক্ষেপ গ্রহণ চ্যালেঞ্জিং হয়ে পড়তে পারে। এ প্রেক্ষিতে সীমান্তবর্তী উজানে ভারী বর্ষণের তথ্য তাৎক্ষণিকভাবে স্থানীয় প্রশাসনকে অবহিত করার কার্যকর ব্যবস্থা গ্রহণের প্রয়োজনীয়তার কথা সভায় তুলে ধরা হয়। এছাড়াও সভায় আলোচনা হয়, বন্যা ও অন্যান্য দুর্যোগ পরিস্থিতিতে সরকারি প্রতিষ্ঠানগুলোর পাশাপাশি বেসরকারি সংস্থা ও উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠানসমূহের সমন্বিত উদ্যোগ গ্রহণ করলে দুর্যোগ মোকাবেলা আরও কার্যকর ও ফলপ্রসূ হবে। এ প্রেক্ষিতে উদ্ধার কার্যক্রমে প্রয়োজনীয় উপকরণ (যেমন- লাইফ জ্যাকেট, নৌকা, মাঝি ও সংশ্লিষ্ট উদ্ধার সামগ্রী) যৌথ বা যুগপৎ ব্যবহারের উপর গুরুত্বারোপ করা হয়।		

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(নিতাই চন্দ্র দে সরকার)

প্রকল্প সমন্বয়ক

প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট

ও

পরিচালক (এমআইএম)


স্মারক নং- ৫১.০১.০০০০.০৪৬.০৬.০২৪.২৪. ৯৮

তারিখ: ০৫-০২-২০২৬ খ্রিঃ

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
- ২। প্রকল্প পরিচালক, প্রভাতী প্রকল্প, এলজিইডি, ঢাকা।
- ৩। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কুড়িগ্রাম।
- ৫। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, কুড়িগ্রাম।
- ৬। নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, কুড়িগ্রাম।
- ৭। উপপরিচালক, কৃষিসম্প্রসারণ অধিদপ্তর, কুড়িগ্রাম।
- ৮। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, কুড়িগ্রাম।
- ৯। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম।
- ১০। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (সকল), কুড়িগ্রাম।
- ১১। কান্দি প্রোগ্রাম লিড-বাংলাদেশ, রাইমস, ঢাকা।
- ১২। টিম লিডার/ প্রোগ্রাম ম্যানেজার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
- ১৩। হাইড্রোলজিক সিস্টেম ডেভেলপার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
- ১৪। জিআইএস স্পেশালিষ্ট, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

- ১৫। আইসিটি স্পেশালিস্ট, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
- ১৬। ফাইন্যান্স এন্ড এডমিন অফিসার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
- ১৭। কমিউনিকেশন অফিসার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
- ১৮। রিজিওনাল কো-অর্ডিনেটর, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
- ১৯। ফিল্ড ফ্যাসিলিটেটর, কুড়িগ্রাম, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
- ২০। পিএ টু মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২১। অফিস কপি/গার্ড ফাইল।


(মোহাম্মদ হাফিজুর রহমান)

উপ-প্রকল্প সমন্বয়ক (জিআইএস/আরএম)

প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট

ও

সহকারী পরিচালক (জিআইএস, চ.দা.)